# 4999 - মঙ্গলবারে স্বামী-স্ত্রীর মলিন ক্ষতকির শীর্ষক কুসংস্কার

প্রশ্ন

আমি শুনেছি যে, মঙ্গলবারে স্ত্রী সহবাস না করা আবশ্যক। কেননা সেদিন কিছু একটা এসে ঐ রাতে সহবাসকারীদেরকে অভিসম্পাত করে। মনে করা হয়, এর ফলে ভবিষ্যতে তারা ক্ষতির সম্মুখীন হবে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আল্লাহ আমাকে ও আপনাকে সত্য বুঝার তাওফিক দান করুন। যা বলেছেন তা একান্তইকুসংস্কার এবংঅভিনব একটি বিশ্বাস। কুরআন-হাদিসে এর কোন দলিল নেই, বরং এসব হল বিদাতি ও পথভ্রষ্টদের বক্তব্য। যেমন তারা বলে: চাঁদ যখন বৃশ্চিকিরাশি, অথবা রশ্মির নিচে, অথবা চাঁদ যখন পুরোপুরি আলোকহীন পর্যায়ে পৌঁছে, চাদের এজাতীয় ক্ষণে সহবাস করা তারা মাকরুহ বলেছেন।[দেখুন: রায়েদ সাবরি এর"মুজামুল বিদা" পৃষ্ঠা- ৬৫৬]

আল্লাহ তাআলা সকলস্থান ও সময়ে স্ত্রী সহবাস করা হালাল করেছেন; কিছু ব্যতিক্রম ছাড়া। সেগুলোর মধ্যে রয়েছে-

এক. রমযানের দিনেরবেলায় সহবাস করা। আল্লাহ তাআলা বলেন:"সিয়ামের রাতে তোমাদের জন্য তোমাদের স্ত্রীসহবাস হালাল করা হয়েছে। তারা তোমাদের জন্য পরিচ্ছদে এবং তোমরা তাদের জন্য পরিচ্ছদে। আল্লাহ জানেন যে, তোমরা নিজেদের সাথে খেয়ানত করছিলে। অতঃপর তিনি তোমাদের তওবা কবূল করেছেন এবং তোমাদেরকে ক্ষমা করেছেন। অতএব, এখন তোমরা তাদের সাথে মিলিত হও এবং আল্লাহ তোমাদের জন্য যা লিখে রেখেছেন তা অনুসন্ধান কর। [সূরা বাকারা, আয়াত:১৮৭]

দুই. হায়েজ ও নিফাসের সময় সহবাস করা। আল্লাহ তাআলা বলেন:"আর তারা আপনাকে ঋতুস্রাব সম্পর্কে প্রশ্ন করে। বলুন, তা কষ্টদায়ক। সুতরাং তোমরা ঋতুস্রাবকালে স্ত্রীদের থেকে দূরে থাক এবং তারা পবিত্র না হওয়া পর্যন্ত তাদের নিকটবর্তী হয়ো না। অতঃপর যখন তারা পবিত্র হবে তখন তাদের নিকট আস, যেভাবে আল্লাহ তোমাদেরকে নির্দেশ দিয়েছেন।[সূরা বাকারা, আয়াত: ২২২]

তিন.মসজিদে সহবাস করা:আল্লাহ তাআলা বলেন: "আর তোমরা মসজিদে ইতিকাফরত অবস্থায় স্ত্রীদের সাথে মিলিত হয়ো না। এটা আল্লাহর সীমারেখা। সুতরাং তোমরা এর নিকটবর্তী হয়ো না।[সূরা বাকারা, আয়াত: ১৮৭]

এগুলো ছাড়াও আরও কিছু অবস্থায় যেমন, মুহরিম থাকাঅবস্থায়ও স্ত্রী সহবাস হারাম।

পক্ষান্তরউপরে উল্লখেতি কুসংস্কাররে পক্ষে কোনো দলিল নইে। বরং এটি বাতলি, গর্হতি ও অপছন্দনীয়। ব্যাপক প্রচারণার ফলে এটি কিছু মানুষরে নকিট মূল বশি্বাসে পরণিত হয়ছে,ে তারা এ থকেে বরিত হচ্ছে না। এমন অনকে মানুষ রয়ছে,ে যারা মঙ্গলবার স্ত্রী সহবাস করে সুস্থ সন্তানরে পতিা হয়ছে।েমঙ্গলবারে সহবাস করার কারণে তাদরে বা তাদরে সন্তানদরে কোন ক্ষতি হয়নি। আল্লাহ আমাকে ও আপনাকে অপছন্দনীয় বষিয় থকেে রক্ষা করুন।

আল্লাহই ভাল জাননে।